

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ক্রেডিট বিভাগ-১

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০৪/২০১৭

তারিখঃ ০৫/০১/১৪২৪ বঙ্গাব্দ
১৮/০৪/২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ কারখানার তারল্য সংকট মোকাবেলায় চলতি মূলধনের অংশ বিশেষ রুক একাউন্টে স্থানান্তর পূর্বক কিস্তিতে পরিশোধের সুবিধা প্রদানের ক্ষেত্রে মরেটরিয়াম সময় অনুমোদন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয় এর ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নীতি ও আর্থিক প্রণোদনা শাখার নথি নং-৫৩.০০.০০.৩৩১.৩৬.০১৪.১৭-৫৩ তারিখ ২৮/০২/২০১৭ এর মাধ্যমে বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এন্ড পোর্টালস এসোসিয়েশন এর আবেদনের প্রেক্ষিতে সরকার বৈশ্বিক অর্থনৈতিক মন্দার প্রভাব মোকাবেলার জন্য হিমায়িত খাদ্য খাতে নিম্নরূপ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে :

- (ক) নিয়মিতভাবে রপ্তানীতে নিয়োজিত হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ কারখানার ৩০শে জুন ২০১৫ ভিত্তিক চলতি মূলধন ঋণের সুদাসলের ৩০% রুকড একাউন্টে স্থানান্তরপূর্বক ০১(এক) বছরের মরেটরিয়াম সুবিধা প্রদান ও তদপর্বত্তী ০৮(আট) বছর ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধযোগ্য হবে। ইতোপূর্বে সৃষ্ট সুদবাহী রুক ঋণ এর দায় বর্ণিত সুবিধার আওতায় পরিশোধযোগ্য হবে;
- (খ) চলতি মূলধন ঋণের রুককৃত (৩০%) অংশ প্রাপ্যতা সাপেক্ষে নতুন ঋণ হিসাবে বিবেচিত হবে। এক্ষেত্রে নতুন জামানত গ্রহণের প্রয়োজন হলে সংশ্লিষ্ট ব্যাংক প্রচলিত নিয়মে তা নিষ্পত্তি করতে পারে;
- (গ) তফসিলী ব্যাংক কর্তৃক হিমায়িত খাদ্য প্রক্রিয়াজাতকরণ কারখানাগুলোকে প্রদত্ত চলতি মূলধন ঋণের বিপরীতে বিদ্যমান সুদের উপর সরকার ৩% হারে ভর্তুকি প্রদান করবে এবং সংশ্লিষ্ট রপ্তানীকারী কারখানা অবশিষ্ট সুদ বহন করবে;
- (ঘ) উক্ত মেয়াদী ঋণের অর্জিত সুদের মধ্যে সরকার কর্তৃক প্রদেয় অংশের ব্যয়ভার বছরে প্রায় ০৯.৪৪ কোটি টাকা হারে ০৮ (আট) বছরে (আনুমানিক ৭৫.৪৯ কোটি টাকা) বাজেটে সংরক্ষিত প্রণোদনা প্যাকেজ হতে নির্বাহ;
- (ঙ) নতুন এই আর্থিক সুবিধা প্রদানের ফলে সংশ্লিষ্ট খাতে উদ্যোক্তাগণ তাদের তারল্য সংকট কাটিয়ে উঠতে সক্ষম হবে;
- (চ) চলতি মূলধন ঋণের সৃষ্ট কুশন (৩০%) ব্যাংকসমূহ নতুন ঋণ হিসেবে (বর্তমানে মঞ্জুরীকৃত ১০০% চলতি মূলধন প্রদানের লক্ষ্যে) ব্যাংকার-কাষ্টমার সম্পর্কের আলোকে কেইস টু কেইস ভিত্তিতে প্রচলিত নিয়মে ঋণ প্রকৃতি নির্ধারণপূর্বক প্রদান; এবং
- (ছ) উপরোক্ত সুবিধাপ্রাপ্ত রপ্তানীকারকগণ নির্ধারিত কিস্তিতে পরিশোধে ব্যর্থ হলে সরকার প্রদত্ত সুবিধা প্রত্যাহত হবে এবং তা সাধারণ মেয়াদী ঋণ হিসাবে গণ্য হবে।

০২। বিষয়টি বিবেচি, পরিচালনা পর্ষদের ২৭/০৩/২০১৭ তারিখে অনুষ্ঠিত ৬৮২তম সভাকে অবহিত করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে



১৮-০৪-১৭
(নিতাই চন্দ্র রায়)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-প্রকা/ক্রেডিটঃ-১/৩(৭)/২০১৬-২০১৭/৫৮২(১২০০)

তারিখঃ - ঐ -

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ ও ২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/ বিভাগীয় কার্যালয়সমূহ।
- ৪। অধ্যক্ষ, বিকেবি ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে (উপরোক্ত সার্কুলারটি ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/কর্পোরেট শাখা সমূহ।
- ৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় সমূহের মাধ্যমে)।
- ১১। নথি / মহানথি।


১৮-০৪-১৭
(মোঃ মুজিবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক